২৬ জুন ২০২৪

প্রিয় আগ্রহী পক্ষ:

আমরা আপনাকে এই তথ্যটি প্রেরণ করছি কারণ ওয়ারেন ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট (ওয়ারেন WWTP)-এর সাথে সংশ্লিষ্ট বায়ুর মান সংক্রান্ত কার্যক্রমে আপনার আগ্রহ থাকতে পারে। কোম্পানিটি সিউয়েজ স্লাজ নিষ্পত্তি প্রক্রিয়ার প্রস্তাবিত স্থাপন ও পরিচালনার জন্য এয়ার পারমিটের আবেদন (No. APP-2022-0192) জমা দিয়েছে। নতুন সিউয়েজ স্লাজ নিষ্পত্তি প্রক্রিয়াটি মিশিগানে ওয়ারেনের 32360 Warkop Avenue-এ অবস্থিত হওয়ার প্রস্তাব দেওয়া হয়েছে।

আইনগতভাবে মিশিগান পরিবেশ, গ্রেট লেকস ও জ্বালানি অধিদপ্তর (EGLE)-এর জনগণের মন্তব্য প্রদানের জন্য কিছু পদক্ষেপ উন্মুক্ত করা আবশ্যক, যেমনটা ওয়ারেন WWTP অনুরোধ করছে। আবেদনটি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করা হয়েছে এটা নিশ্চিত করার জনসাধারণের মন্তব্যগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ।

এয়ার পারমিটের আবেদন সংক্রান্ত তথ্যাদি, যেমন, প্রস্তাবিত প্রকল্পের সারসংক্ষেপ, প্রস্তাবিত পারমিটের শর্তাবলি ও প্রস্তাবিত পারমিটের শর্তাবলির নিয়ন্ত্রণকারী বিশ্লেষণ সম্বলিত তথ্যের শিট পর্যালোচনা করার জন্য উপলভ্য রয়েছে। এই তথ্যের পাশাপাশি আমরা আমাদের সিদ্ধান্তে কী কী বিবেচনা করতে পারি, সেটা Michigan.gov/EGLEAirPublicNotice ঠিকানায় পাওয়া যেতে পারে এবং "মন্তব্যের জন্য উন্মুক্ত আবেদন" নির্বাচন করুন অথবা আপনি মুদ্রিত অনুলিপির জন্য আমার সাথে যোগাযোগ করতে পারেন।

যদি আপনি এই প্রস্তাবিত এয়ার পারমিট সম্পর্কে মন্তব্য করতে চান, তাহলে ২০ আগস্ট, ২০২৪ সালের মধ্যে আপনি বিভিন্ন উপায়ে মন্তব্য জমা দিতে পারেন:

- আপনার-মতামত ইমেইল করুন EGLE-AQD-PTIPublicComments@Michigan.gov এই ঠিকানায়।
- আপনার মন্তব্যটি মিশিগান পরিবেশ, গ্রেট লেকস ও জ্বালানি অধিদপ্তর (EGLE), এয়ার কোয়ালিটি বিভাগ, পারমিট শাখা, P.O. Box 30260, Lansing, Michigan 48909-7760 এই ঠিকানায় ডাকযোগে পাঠান।
- 517-284-0900 নম্বরে ফোন করে আমাদের কাছে ভয়েসমেইলের মাধ্যমে মন্তব্য পাঠান।
- ৮ আগস্ট, ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য ভার্চুয়াল গণশুনানিতে।

EGLE ৮ আগস্ট, ২০২৪ তারিখ সন্ধ্যা ৬ টায় একটি ভার্চুয়াল সভা ও শুনানির আয়োজন করবে। EGLE কর্মীরা প্রস্তাবিত প্রকল্পের সারসংক্ষেপ ও জনসাধারণের প্রশ্ন জিজ্ঞেস করার সুযোগসহ

প্রযুক্তিগত পর্যালোচনা সরবরাহ করবে। রেকর্ডে অফিসিয়াল মন্তব্য নেওয়ার জন্য অবিলম্বে গণশুনানি শুরু হবে।

সভা শুরুর আগে প্রশ্নগুলো আমার কাছে, অথবা উপরে তালিকাভুক্ত মেইলিং ঠিকানা বা ইমেইল ঠিকানায় জমা দেওয়া যেতে পারে। আপনি যেকোনো সময় প্রাক নিবন্ধন করতে পারেন অথবা ৮ আগস্ট সন্ধ্যা ৬টায় যোগদান করতে পারেন: https://bit.ly/3KzHFGT । শুধু শুনতে 636-651-3142 নম্বরে কল করুন এবং কনফারেন্স কোড 374288 ব্যবহার করুন।

চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে এয়ার কোয়ালিটি বিভাগ মন্তব্য চলাকালীন সময়ে প্রাপ্ত সকল মন্তব্য পর্যালোচনা ও বিবেচনা করবে। আপনাকে লিখিত প্রতিক্রিয়া ও প্রস্তাবিত পারমিট সম্পর্কে গৃহীত সিদ্ধান্তের অনুলিপি সরবরাহ করা হবে।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে আমার সাথে নিঃসংকোচে যোগাযোগ করুন।

বিনীত,

অ্যান্ড্রু জে ড্রুরি, সিনিয়র ইঞ্জিনিয়ার স্পেশালিস্ট
জেনারেল ম্যানুফ্যাকচারিং ইউনিট
পারমিট শাখা
এয়ার কোয়ালিটি বিভাগ
517-648-6663
DruryA@Michigan.gov

cc: সিনেটর পল ওজনো
রিপ্রেজেন্টেটিভ ন্যাট শ্যানন
মেয়র লরি এম. স্টোন, সিটি অফ ওয়ারেন
সোনজা জুরোভিক বুফা, ওয়ারেন সিটি ক্লার্ক
অ্যান্থনি জি ফরলিনি, ম্যাকম্ব কাউন্টি ক্লার্ক
জেনেভিভ ডামিকো, মার্কিন পরিবেশগত সুরক্ষা সংস্থা, অঞ্চল ৫
কনস্টেনটিন ব্লাথ্রেস, মার্কিন পরিবেশগত সুরক্ষা সংস্থা, অঞ্চল ৫
র‍্যাচেল রাইনহার্ট, মার্কিন পরিবেশগত সুরক্ষা সংস্থা, অঞ্চল ৫
সিডিনি হার্ট, লেজিসলেটিভ লিয়াজো, EGLE
হিউ সি. ম্যাকডিআরমিড জুনিয়র যোগাযোগ ব্যবস্থাপক, EGLE
রেজিনা স্ট্রং, এনভায়রনমেন্টাল জাস্টিস পাবলিক অ্যাডভোকেট, EGLE
জিল গ্রিনবার্গ, জনতথ্য কর্মকর্তা, EGLE
জয়েস ঝু, EGLE